

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
১/ক সেগুনবাগিচা, ঢাকা ১০০০
www.imli.gov.bd

স্মারক নং- আমাই/প্রশিক্ষণ কোর্স/১১/২০১৬/২৪৮(১৬)

১৬ জ্যৈষ্ঠ ১৪২৩
তারিখ:
৩০ মে ২০১৬

বিষয়: সরকারি কর্মকর্তা/কর্মচারীদের দাপ্তরিক কাজে ও যোগাযোগ প্রক্রিয়ায় বাংলাভাষার ব্যবহার শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচিতে প্রশিক্ষণার্থী প্রেরণ।

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট প্রতিষ্ঠার পর থেকে নিয়মিতভাবে মাতৃভাষার উন্নয়নে বিভিন্ন ধরনের কর্মসূচি, যথা— সভা, সেমিনার ও কর্মশালা ইত্যাদির আয়োজন করে আসছে। সম্প্রতি এর সঙ্গে যুক্ত হয়েছে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের দাপ্তরিক কাজে ও যোগাযোগ প্রক্রিয়ায় বাংলাভাষার ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ কার্যক্রম। উল্লেখ্য, বাংলাভাষা ব্যবহারে ব্যাকরণগত ও আনুষঙ্গিক যেসব ভ্রান্তি, অসঙ্গতি ও অপপ্রয়োগ লক্ষণীয় সেসব দূরীভূত হওয়া প্রয়োজন।

২। এ লক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট আগামী ১৯-২৩ জুন ২০১৬ পর্যন্ত ০৫ (পাঁচ) দিনব্যাপী (সকাল ৯:৩০টা-বিকাল ৩:১৫টা) ‘সরকারি কর্মকর্তা/কর্মচারীদের দাপ্তরিক কাজে ও যোগাযোগ প্রক্রিয়ায় বাংলাভাষার ব্যবহার’ শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করেছে। ইনস্টিটিউট আশা করে, এ ধরনের প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে সরকারি কর্মকর্তা/ কর্মচারীদেরকে দৈনন্দিন কাজে ও দাপ্তরিক যোগাযোগে বাংলাভাষার ব্যবহারে অধিকতর দক্ষ হয়ে উঠবেন।

৩। উল্লিখিত প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের জন্য তাঁর অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান থেকে ২ (দুই) জন প্রথম শ্রেণির কর্মকর্তা মনোনয়নপূরক ই-মেইলে (imli.moebd@gmail.com) অথবা মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা ১০০০—এই ঠিকানায় তাঁদের নাম প্রেরণের জন্য অনুরোধ করা হলো। প্রশিক্ষণসংক্রান্ত তথ্যের জন্য ০১৭৪৮-৩৮৯২০৪ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

৪। প্রশিক্ষণকালে প্রশিক্ষণার্থীদেরকে বিধি অনুযায়ী প্রশিক্ষণভাতা ইত্যাদি আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পক্ষ থেকে বহন করা হবে। প্রশিক্ষণার্থীদের ১৯/০৬/২০১৬ তারিখ সকাল ৯:০০টায় উপস্থিত থাকতে অনুরোধ করা হচ্ছে।

(অধ্যাপক ড. জীনাৎ ইমতিয়াজ আলী)

মহাপরিচালক

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

ফোন ৮৩৯১৩৪৬, ৮৩৯১৮৬৭